

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চা বোর্ড
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড নাসিরাবাদ, চট্টগ্রাম
পরিকল্পনা শাখা
www.teaboard.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৯.০০০০.১০৪.৩৩.০০১.১৮.২৫১

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০

১১ মে ২০২৩

বিষয়: বাংলাদেশ চা বোর্ডের ৮৯তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী চা কারখানার (বাগান ও বটলিফ) নিবন্ধন ফি, নিবন্ধন নবায়ন ফি এবং বিলম্ব ফি আরোপ ও আদায় প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ চা বোর্ডের ২৫.০৪.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ২৬.০৯.০০০০.১০১.৩৭.০০১.১৮.২৮২ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০.০৩.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ চা বোর্ডের ৮৯তম বোর্ড সভায় বর্তমান বাজার মূল্য এবং মুদ্রাস্ফীতির সাথে সামঞ্জস্যতা রেখে চা কারখানার (চা বাগান ও বটলিফ) নিবন্ধন ফি, নিবন্ধন নবায়ন ফি এবং সময়মত নিবন্ধন নবায়ন না করলে বিলম্ব ফি আরোপ ও আদায়ের নিমিত্ত সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নরূপঃ

“ছক”

ক্র. নং	বিবরণ	পূর্বের ফি (৮৪তম বোর্ড সভায় নির্ধারিত)	পুনর্নির্ধারিত ফি (৮৯তম বোর্ড সভায় অনুমোদিত)
০১	নতুন চা কারখানার নিবন্ধন ফি	৫,০০০.০০ টাকা	১০,০০০.০০ টাকা
(ক)	উৎপাদন ক্ষমতা (১০.০০ – ১৫.০০ লক্ষ কেজি)	-	১৫,০০০.০০ টাকা
(খ)	উৎপাদন ক্ষমতা (১৫.০০ – ২০.০০ লক্ষ কেজি)	-	২০,০০০.০০ টাকা
(গ)	উৎপাদন ক্ষমতা (২০.০০ – ২৫.০০ লক্ষ কেজি)	-	২৫,০০০.০০ টাকা
(ঘ)	উৎপাদন ক্ষমতা (২৫.০০ – ৩০.০০ লক্ষ কেজি)	-	৩০,০০০.০০ টাকা
০২	নিবন্ধিত কারখানাসমূহের নবায়ন ফি	১,০০০.০০ টাকা	১,৫০০.০০ টাকা
০৩	বিলম্ব নবায়ন ফি	-	২,০০০.০০ টাকা

এছাড়াও, কোন চা কারখানা উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করতে চাইলে এ কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে প্রতি ৫.০০ লক্ষ কেজির জন্য ৫,০০০.০০ টাকা করে ফি প্রদানের বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ চা বোর্ডের ৮৯তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী তাঁর ব্যবস্থাপনাধীন চা কারখানার (চা বাগান ও বটলিফ) নিবন্ধন ফি, নিবন্ধন নবায়ন ফি এবং সময়মত নিবন্ধন নবায়ন না করলে বিলম্ব ফি

এ কার্যালয়ে প্রেরণের জন্য (পে-অর্ডার/ডিডি কিংবা বাংলাদেশ চা বোর্ডের নির্ধারিত একাউন্টঃ ২৯০৫-০৩২০০০০৪৬০, বাংলাদেশ কৃষি ব্যাংক, চা বোর্ড শাখায় অনলাইনে টাকা জমা প্রদান করতঃ টাকা জমা প্রদানের ডকুমেন্টসহ) নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে যে সকল চা কারখানা (চা বাগান ও বটলিফ) কর্তৃপক্ষ ইতঃমধ্যে এ কার্যালয় হতে চা কারখানার নিবন্ধন গ্রহণ করেছে তাঁদেরকে আগামী ৩০.০৬.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে “ছক” অনুযায়ী পুননির্ধারিত ফি প্রদানপূর্বক ২০২৩-২০২৪ সালের নিবন্ধন নবয়নের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায়, ০১.০৭.২০২৩ খ্রিষ্টাব্দ হতে বিলম্ব ফি আরোপ ও আদায়ের প্রক্রিয়া শুরু করা হবে।



১১-৫-২০২৩

সুমন সিকদার

উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত)

ফোন: ০২৩৩৩৩৭৫০৬৩

ইমেইল: btbplanning@gmail.com

স্বত্বাধিকারী/ মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক,

.....

চা বাগান/ বটলিফ চা কারখানা, ডাকঘরঃ

....., উপজেলাঃ

....., জেলাঃ

.....।

স্মারক নম্বর: ২৬.০৯.০০০০.১০৪.৩৩.০০১.১৮.২৫১/১

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০

১১ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার (চা বাগান ও বটলিফ চা কারখানামূহকে অবহিত করার অনুরোধসহ)।
- ২) পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার (চা বাগান ও বটলিফ চা কারখানামূহকে অবহিত করার অনুরোধসহ)।
- ৩) উন্নয়ন কর্মকর্তা, পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড, ধাক্কামারা, পঞ্চগড় (চা বাগান ও বটলিফ চা কারখানামূহকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪) চেয়ারম্যান, বাংলাদেশ টি এসোসিয়েশন (বিটিএ), বাড়ি নং- ৪৬০ (৭ম তলা), রোড নং- ৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ৫) পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬) পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন)/সদস্য (অর্থ ও বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭) পিএ টু সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।



১১-৫-২০২৩

সুমন সিকদার

উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত)